কর্কটরোগ, এই শব্দটির সঙ্গে পরতে পরতে জড়িয়ে আছে সংশয়, ভয়। কিন্তু থাইরয়েড গ্রন্থিতে কর্কটরোগ শনাক্ত হওয়ার পরে, ঠিক সময়ে চিকিৎসা হলে দীর্ঘ দিন সুস্থ ভাবে বেঁচে থাকা যায়। এই প্রসঙ্গে কর্কটরোগের শল্য চিকিৎসক ডা. গৌতম মুখোপাধ্যায় বললেন, "বেশির ভাগ রোগীর থাইরয়েড ক্যানসার থেকে সেরে ওঠার সম্ভাবনা বেশি, প্রায় ৯৯ শতাংশ। তবে এই আরোগ্য বয়সের সঙ্গে সম্পর্কিত। ৫৫ বছরের কম বয়স হলে, সম্পূর্ণ সুস্থ হওয়ার সম্ভাবনা বেড়ে যায়।" অন্যান্য ক্যানসার নিয়ে জনসাধারণের মধ্যে যতটা সচেতনতা দেখা যায়, এই ক্যানসার সম্পর্কে তা নেই। তাই অনেক ক্ষেত্রে সম্পূর্ণ সুস্থ হওয়ার পথে অন্তরায় হয়ে দাঁড়ায় অজ্ঞতা।

থাইরয়েড গ্রন্থি সম্পর্কে ধারণা

গলায় শ্বাসনালির সামনের দিকে থাকে থাইরয়েড গ্রন্থি, যার আকার অনেকটা প্রজাপতির মতো। এই গ্রন্থি থেকে নিঃসৃত টি-ফোর বা থাইরক্সিন, টি-থ্রি বা ট্রাইআয়োডোথাইরোনিন বিপাকক্রিয়া ঠিক রাখতে, বুদ্ধির বিকাশ ঘটাতে, শিশুদের স্বাভাবিক ভাবে বেড়ে উঠতে, মহিলাদের ঋতুচক্র ও গর্ভধারণ ইত্যাদি শারীরবৃত্তীয় কাজ

এই কর্কটরোগে সুস্থ হওয়ার হার বেশি

Cont… Page-2

আনন্দবাজার পত্রিকা

Date: 19.07.2025

Page-2

থাইরয়েড গ্রন্থিতে কর্কটরোগ ঠিক সময়ে শনাক্ত হলে চিকিৎসার মাধ্যমে দীর্ঘ দিন সুস্থ জীবনযাপন সম্ভব। রইল বিশেষজ্ঞের পরামর্শ:আনন্দবাজার পত্রিকা, 19th July 2025

নিয়ন্ত্রণ করে। থাইরয়েড গ্রন্থি থেকে হরমোন অতিরিক্ত নিঃসৃত হলে বা প্রয়োজনের কম নিঃসৃত হলে শরীরে নানা সমস্যা হয়। রক্তে থাইরয়েড হরমোনের মাত্রা কমে যাওয়াকে বলে হাইপোথাইরয়েডিজ়ম আর এর উল্টো হলে অর্থাৎ রক্তে থাইরয়েড হরমোনের মাত্রা বেড়ে গেলে বলে হাইপারথাইরয়েডিজ়ম। দু'টি ক্ষেত্রেই হরমোনের ঠিক মাত্রা নিয়ন্ত্রিত রাখার জন্য চিকিৎসকের পরামর্শ নিয়ে আজীবন ওষুধ খেতে হয়।

কর্কটরোগ বোঝার উপায়

থাইরয়েড গ্রন্থিতে মাংসল পিণ্ড বা টিউমারের জন্ম হলে ক্যানসার হওয়ার সম্ভাবনা নানা বাঁধে। টিউমারের আকার খুব ছোট হলে বাইরে থেকে বোঝার উপায় নেই, কিন্তু একটু বড় হলে তার উপস্থিতি বাইরে থেকে বোঝা যায়। এ ছাড়া কিছু ক্ষেত্রে গলার স্বরে বদল আসে, কোনও কারণ ছাড়াই ওজন কমে যাওয়া, ঢোক গিলতে গিয়ে ব্যথা অনুভব হয় ইত্যাদি।

সব সময় গলায় ব্যথা নাও হতে পারে। যদি দেখা যায় মাংসপিণ্ড ঢোক গেলার সঙ্গে উঠছে ও নামছে (বাইরে থেকে দেখে বোঝা যাবে), তা হলে সতর্ক হতে হবে। ব্যথা নেই বলে অবজ্ঞা করা চলবে না। অনেকেই এই ভুলটা করেন। এমন হলে দ্রুত চিকিৎসকের পরামর্শ নিতে হবে। "এ ক্ষেত্রে ক্লিনিক্যাল টেস্টের পরে আমরা আলট্রাসোনোগ্রাফি করে দেখে নিই থাইরয়েড গ্রন্থিতে টিউমার আছে কি না। টিউমার থাকলে এফএনএসি করা হয়। ম্যালিগন্যান্ট হোক বা বিনাইন, টিউমার হলেই বাদ দেওয়ার পরামর্শ দেওয়া হয়। প্রসঙ্গত বলি, থাইরয়েড গ্রন্থিতে টিউমার হলেই দুশ্চিন্তা করার কিছু নেই। অধিকাংশ ক্ষেত্রে বিনাইন হয়। তবে যেমনই হোক না কেন, বেশি দিন ফেলে না রেখে সার্জারি করে বাদ দিয়ে দেওয়াই ভাল," পরামর্শ দিলেন ডা. মুখোপাধ্যায়। প্রচলিত ধারণা, হাইপোথাইরয়েডিজ়ম বা হাইপারথাইরয়েডিজ়ম থাইরয়েড ক্যানসারকে ত্বরান্বিত করে। এই বিষয়ে ডা. মুখোপাধ্যায়ের বক্তব্য, "এই ধারণা ভুল। রক্তে থাইরয়েড হরমোনের মাত্রা স্বাভাবিক থাকলেও ক্যানসার হতে পারে। বরং হাইপারথাইরয়েডিজ়ম থাকলে ক্যানসার হওয়ার সম্ভাবনা তুলনামূলক ভাবে কম।"

থাইরয়েড গ্রন্থিতে টিউমারের জন্ম হলে কর্কটরোগের সম্ভাবনা নানা বাঁধে। টিউমারের আকার ছোট হলে বাইরে থেকে বোঝার উপায় নেই, কিন্তু বড় হলে তা বাইরে থেকে বোঝা যায়।

সেরে ওঠার পথ

প্যাপিলারি, ফলিকিউলার, অ্যানাপ্লাস্টিক... থাইরয়েড ক্যানসারের একাধিক ভাগ দেখা যায়। "প্যাপিলারি থাইরয়েড ক্যানসার কমবয়সি মহিলাদের মধ্যে বেশি দেখা যায়। প্যাপিলারি ও ফলিকিউলার থাইরয়েড ক্যানসার থেকে সেরে ওঠার সম্ভাবনা সবচেয়ে বেশি। খারাপ ভ্যারাইটি হল অ্যানাপ্লাস্টিক। কিন্তু এটি সচরাচর হতে দেখা যায় না," বললেন ডা. মুখোপাধ্যায়। থাইরয়েড ক্যানসার সারিয়ে সম্পূর্ণ সুস্থ হয়ে দীর্ঘ জীবন যাপন করা সম্ভব। অবশ্যই যত আগে এই ক্যানসার ধরা পড়বে, তত ভাল ফল পাওয়া যাবে। এই ক্যানসার আগে ধরা পড়লে থাইরয়েড গ্রন্থির দু'টি লোবের মধ্যে একটি বাদ দিলেই হয়, কিন্তু দেরি হলে বা কিছু ক্ষেত্রে প্রয়োজনেও গোটা থাইরয়েড গ্রন্থি সার্জারি করে বাদ দিতে হয়। শনাক্তকরণে বা চিকিৎসায় দেরি হলে ক্যানসার ছড়িয়ে যাওয়ার সম্ভাবনা থাকে। যেমন, প্যাপিলারি ক্যানসার গলায়, কিছু ক্ষেত্রে ফুসফুসে ছড়াতে পারে। ফলিকিউলার ক্যানসার কিছু ক্ষেত্রে হাড়ে ছড়িয়ে যায়।

"থাইরয়েড ক্যানসারের ক্ষেত্রে ছড়িয়ে গেলেও সম্পূর্ণ নিরাময় সম্ভব। তবে থাইরয়েড ক্যানসারের সার্জারি বেশ জটিল। এই গ্রন্থির নীচ দিয়ে দুটো রেকারেন্ট ল্যারিঞ্জিয়াল নার্ভ যায়, যা আমাদের কণ্ঠস্বর নিয়ন্ত্রণ করে। অপারেশন করতে গিয়ে দুটো নার্ভের মধ্যে কোনও একটিতে ক্ষতি হলে গলার স্বর চিরতরে বদলে যাবে। থাইরয়েড গ্রন্থির পিছনে থাকে প্যারাথাইরয়েড গ্রন্থি, যা শরীরে ক্যালশিয়াম, ফসফরাস ও মেটাবলিজ়ম নিয়ন্ত্রণ করে। এই প্যারাথাইরয়েড গ্রন্থিও বাঁচাতে হয়। তাই এই অপারেশনের জন্য একজন দক্ষ, অভিজ্ঞ সার্জেনের প্রয়োজন।" সাধারণত ক্যানসারের চিকিৎসায় রেডিয়োথেরাপি বা কেমোথেরাপি দেওয়া হয়। থাইরয়েডের ক্যানসারে তা দিতে হয় না। অস্ত্রোপচারের পর প্রয়োজন পড়লে রোগীকে আয়োডিন খাওয়ানো হয়। এই পদ্ধতিকে বলে রেডিয়োঅ্যাবলেশন। এতে রোগী রেডিয়ো অ্যাকটিভ হয়ে যান, তখন তাঁকে দু'-তিন দিন আইসোলেশনে রাখা হয়।

নারী-পুরুষ নির্বিশেষে যে কোনও বয়সে থাইরয়েড ক্যানসার হতে পারে। কিন্তু তার মধ্যে কমবয়সি মহিলাদের মধ্যে এই ক্যানসার হওয়ার প্রবণতা বেশি। অনেকেরই মনে সংশয় থাকে থাইরয়েড গ্রন্থি বাদ দিলে শরীরে থাইরয়েড হরমোনের কাজ বন্ধ হয়ে যাবে, এতে ঋতুচক্র বা ভবিষ্যতে সন্তানধারণে সমস্যা হবে। "থাইরয়েড গ্রন্থি বাদ দিলেও ওষুধ দিয়ে হরমোনের কাজ স্বাভাবিক রাখা হয়। সারা জীবন সে ওষুধ খেয়ে যেতে হবে। ব্লাডসুগার বা ব্লাডপ্রেশার নিয়ন্ত্রণে রাখতে যেমন সারা জীবন ওষুধ খেতে হয়, অনেকটা তেমনই। থাইরয়েড ক্যানসার থেকে নিরাময়ের পরে দাম্পত্য জীবনে বা গর্ভধারণে কোনও সমস্যা হয় না," আশ্বাস দিলেন ডা. মুখোপাধ্যায়।

গলায় মাংসল পিণ্ড অনুভব করলে বা বাইরে থেকে বোঝা গেলে, ব্যথা থাকুক বা না থাকুক, অবজ্ঞা না করে চিকিৎসকের পরামর্শ নিতে হবে। না হলে এই অবহেলা ক্যানসার থেকে সম্পূর্ণ সুস্থ হওয়ার পথে অন্তরায় হয়ে দাঁড়াবে।

ঊর্মি নাথ

Date: 19.07.2025

'স্বাস্থ্যসাথী'তে ক্যান্সার রোগীর চিকিৎসায় 'না':
এইসময়, 19th July 2025

'স্বাস্থ্যসাথী'তে ক্যান্সার রোগীর চিকিৎসায় 'না'

এই সময়, বর্ধমান: ক্যান্সারে আক্রান্ত এক রোগীকে 'স্বাস্থ্যসাথী' কার্ডে চিকিৎসা করতে অস্বীকার করার অভিযোগ উঠেছে পূর্ব বর্ধমানের বাম বঙ্গলা এলাকার একটি বেসরকারি হাসপাতালের বিরুদ্ধে। অভিযোগ, ইলা দত্ত নামে ৫২ বছরের রোগীকে তাঁর পরিবারের লোকেরা কেমোথেরাপি দেওয়ার জন্য নিয়ে গেলে ওই হাসপাতালের পক্ষ থেকে সরকার নির্ধারিত খরচের থেকেও বেশি টাকা দাবি করা হয়।

স্বাস্থ্যসাথী কার্ড থাকার পরেও কেন বেশি টাকা দিতে হবে, তা নিয়েই বিতর্ক তৈরি হয় রোগীর পরিজনদের সঙ্গে হাসপাতাল কর্তৃপক্ষের। বৃহস্পতিবার বিকেলে এই ঘটনার কথা জানাজানি হতেই জেলা পরিষদের সভাধিপতি শ্যামাপ্রসন্ন লোহার ঘটনাস্থলে যান। জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের সঙ্গেও প্রশাসনের পক্ষ থেকে যোগাযোগ করা হলে তিনি ডেপুটি সিএমওএইচ (১)-কে পাঠান হাসপাতালে। হাসপাতাল কর্তৃপক্ষের সঙ্গে দীর্ঘসময় কথা বলেন সভাধিপতি ও স্বাস্থ্য আধিকারিকরা। তাতেও সমাধানসূত্র মেলেনি। শেষ পর্যন্ত ওই মহিলাকে বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসার ব্যবস্থা করা হয়। তিনি সেখানেই ভর্তি রয়েছেন। বর্ধমান শহর সংলগ্ন রায়নগর এলাকার বাসিন্দা ইলা দত্ত। তাঁর মেয়ে ঊর্মিলা দত্ত এ দিন অতিরিক্ত জেলাশাসককে (স্বাস্থ্য) লিখিত ভাবে অভিযোগ জানান। তাঁর দাবি, 'কার্ড ব্লক হয়ে গিয়েছে বলে চিকিৎসা করাতে অস্বীকার করেন হাসপাতাল কর্তৃপক্ষ। তাঁরা আরও বেশি টাকার দাবি করতে থাকে।'

আনন্দবাজার পত্রিকা

Date: 21.07.2025

ইনজেকশন ও ওষুধের গুণমানে অনুত্তীর্ণ ১৯০, চিন্তিত ড্রাগ কন্ট্রোল: আনন্দবাজার পত্রিকা, 21st July 2025

ইনজেকশন ও ওষুধের গুণমানে অনুত্তীর্ণ ১৯০, চিন্তিত ড্রাগ কন্ট্রোল

নিজস্ব সংবাদদাতা

ওষুধের বদলে ইনজেকশনে ভরা রয়েছে শুধু জল!

কর্কট রোগ এবং অস্ত্রোপচারের পরে ব্যাক্টিরিয়া সংক্রমণ রোগে ব্যবহৃত দু'টি ইনজেকশনের গুণমান পরীক্ষায় এমনই রিপোর্ট উঠে এসেছে কেন্দ্রীয় ড্রাগ কন্ট্রোলের হাতে। পাশাপাশি, গুণমান যাচাইয়ের পরীক্ষায় দেশ জুড়ে অনুত্তীর্ণ হয়েছে ওই দু'টি ইনজেকশন-সহ আরও ১৮৮টি ওষুধ! তবে ইনজেকশনের ভিতরে ওষুধের উপাদানের বদলে কী ভাবে স্রেফ জল ভরে বাজারে ছেড়ে দেওয়া হল, তা নিয়ে বিস্মিত ড্রাগ কন্ট্রোলের আধিকারিকেরাও।

প্রতি মাসেই দেশের বিভিন্ন খুচরো বাজার থেকে ট্যাবলেট, ইনজেকশন, স্যালাইন-সহ বিভিন্ন ওষুধের নমুনা সংগ্রহ করে ড্রাগ কন্ট্রোল। গত মাসে ১৮৮টি ওষুধ ফেল করেছিল। সম্প্রতি পরীক্ষার ফলাফল প্রকাশ করে কেন্দ্রীয় ড্রাগ কন্ট্রোল জানিয়েছে, এ বারে অনুত্তীর্ণের সংখ্যা ১৯০। রিপোর্টে জানানো হয়েছে, ফেল করার তালিকায় ট্যাবলেট, ক্যাপসুল, স্যালাইন, ইনজেকশন কোনও কিছুই বাকি নেই। দেশের বিভিন্ন প্রান্ত থেকে নমুনা সংগ্রহের পরে তা কেন্দ্রীয় ড্রাগ কন্ট্রোলের স্থানীয় পরীক্ষাগারে পরীক্ষা করা হয়। যেমন কলকাতার সেন্ট্রাল ড্রাগ ল্যাবরেটরিতে গুণমান যাচাইয়ের পরীক্ষায় ফেল করেছে ৪০টি ওষুধ।

সামগ্রিক ভাবে দেখা যাচ্ছে, কোনও ক্ষেত্রে ইনজেকশনের ভায়ালে ভাসছে ক্ষতিকারক ব্যাক্টিরিয়া। কোনও ওষুধ আবার নামী সংস্থার ব্র্যান্ড-নেম নকল করে বানানো, কোনও ওষুধ বা ইনজেকশন তৈরিতে পরিশোধিত জলই ব্যবহার করা হয়নি।

জানা যাচ্ছে, অস্ত্রোপচারের পরে ব্যাক্টিরিয়া সংক্রমণ ঠেকাড়ে পুণের একটি ওষুধ প্রস্তুতকারী সংস্থার তৈরি ওই ইনজেকশনে জল মিলেছে। কেন্দ্রীয় সরকারের অধীনস্থ ওই সংস্থায় কী ভাবে অ্যান্টিবায়োটিক ইনজেকশনে শুধু জল ভরা হল, তা নিয়ে বিস্মিত ড্রাগ কন্ট্রোলের আধিকারিকেরাই। কর্কট রোগে ব্যবহৃত ইনজেকশনটি তৈরি চিনে।

গুণমানের পরীক্ষায় ফেল করার তালিকায় এ বারেও রয়েছে পশ্চিমবঙ্গ ফার্মাসিউটিক্যালসের নাম। ওই সংস্থার তৈরি সাধারণ স্যালাইন এবং শরীরে জল এবং কার্বোহাইড্রেটের মাত্রা ঠিক রাখতে ব্যবহৃত ইনজেকশন এ বারে কর্ণাটক ড্রাগ কন্ট্রোলের পরীক্ষায় অনুত্তীর্ণ। ইনজেকশনটির ক্ষেত্রে বলা হয়েছে, ভায়ালে থাকা তরল বিশুদ্ধ নয়। গত মাসে অসমেও ফেল করেছিল ওই সংস্থার ওষুধ।

The Statesman

Date: 21.07.2025

Medica Hospitals rebranded as Manipal Hospitals: The Statesman- 21st July 2025

Medica Hospitals rebranded as Manipal Hospitals

STATESMAN NEWS SERVICE
SILIGURI, 21 JULY

Manipal Hospitals has officially rebranded Medica North Bengal Clinic and Medica Cancer Hospital, Rangapani, as Manipal Hospital Siliguri and Manipal Hospital Rangapani.

This move follows Manipal's acquisition of Medica Synergie, marking a significant step in expanding its presence in Eastern India. Manipal Hospital Siliguri, established in 1976, has served over 36 lakh patients and is now being developed into a full-fledged super specialty centre, with added infrastructure in cardiology, neurosurgery, gastroenterology, and critical care.

Manipal Hospital Rangapani continues as North Bengal's only comprehensive cancer care centre, handling over 150 radiation sessions and 700 chemotherapy cases monthly. It is expanding with 50 new beds, additional operation theatres, and a second Linac machine.

Officials from Manipal Hospitals affirmed their commitment to improving healthcare access and integrating high-quality, patient-centric care across North Bengal, aiming to transform the region into a hub of advanced medical services.

The Statesman

Date: 23.07.2025

Cancer Gains: The Statesman- 23rd July 2025

Cancer Gains

When late US President Richard Nixon launched his "War on Cancer" in 1971, the ambition was audacious: find a cure within a decade. More than half a century later, cancer still claims nearly 10 million lives globally every year. Yet the world is inching toward a quieter, less headline-grabbing victory. It is doing so not through a singular cure, but through steady advances in prevention, diagnosis, and treatment that are transforming cancer into a disease many people can survive – or avoid altogether. The clearest evidence of this transformation is in age-adjusted death rates. In the United States, those rates have fallen by roughly a third since the early 1990s, translating to an estimated 3 to 4 million fewer deaths. Similar declines have been recorded in over 140 countries. Adjusting for rising life expectancy, this means people today are significantly less likely to die of cancer at any given age than their parents were. Survival rates have risen sharply as well. In high-income countries, five-year relative survival now exceeds 85 per cent for many common cancers. These gains have been driven by earlier detection and by more precise, less toxic treatment regimes. Immunotherapy, in particular, has rewritten the rules. Drugs like pembrolizumab and dostarlimab have extended survival in lung and colorectal cancers, while CAR-T cell therapies are now showing promise in solid tumours. A study presented at this year's ASCO meeting in Chicago found that neoadjuvant immunotherapy increased event-free survival in melanoma patients from 57 per cent to 84 per cent in just 12 months. Many cancers are now being treated as chronic illnesses rather than death sentences, allowing patients to resume normal lives with manageable treatment plans and on-going monitoring, often for years. Preventive measures are equally crucial. Anti-smoking campaigns in the West have averted millions of cancer deaths since the 1970s. The HPV vaccine, first introduced less than two decades ago, has already slashed cervical cancer incidence by up to 90 per cent among young women in countries with high vaccination rates. Screening for colorectal, breast, and prostate cancers has grown more effective and more widespread.

Yet progress remains uneven. In many low-and middle-income countries, basic diagnostic tools, vaccines, and standard therapies remain inaccessible. Even in wealthier nations, significant disparities exist. People in rural areas or low-income communities, as well as some racial and ethnic minorities, continue to face poorer outcomes despite medical advances. The war on cancer was never going to be won by shock-and-awe tactics. The real battle has been a war of attrition – slow, scientific, and cumulative. While the disease remains one of the leading causes of death worldwide, the momentum has shifted. Breakthroughs in mRNA-based vaccines and precision oncology suggest that the coming decades may see even deeper inroads. The world has not cured cancer. But it has made it far less deadly. That, quietly and steadily, is what winning looks like.

सन्मार्ग
खबरें अनेक सच्चाई एक
sanmarg.in

Date: 24.07.2025

दस घंटे की सर्जरी से ओवेरियन कैंसर मरीज को मिला नया जीवन: सन्मार्ग, 24th July 2025

दस घंटे की सर्जरी से ओवेरियन कैंसर मरीज को मिला नया जीवन

सन्मार्ग संवाददाता

कोलकाता : मणिपाल हॉस्पिटल, सॉल्टलेक में 10 घंटे लंबी जटिल सर्जरी के बाद 60 वर्षीय महिला को गंभीर ओवेरियन कैंसर से बचाया गया। सर्जरी का नेतृत्व **डॉ. अरुणाभ रॉय** ने किया, उनके साथ डॉ. अरुणाशिष मल्लिक, डॉ. नेहा अग्रवाल, एनेस्थेसिया टीम और अन्य विशेषज्ञ भी शामिल थे। ओवेरियन कैंसर को 'साइलेंट किलर' कहा जाता है क्योंकि इसके लक्षण देर से सामने आते हैं। मरीज की जांच और एनेस्थेसिया अप्रूवल के बाद 'अपफ्रंट रैडिकल सर्जरी' का निर्णय लिया गया, जिसका लक्ष्य 'जीरो रेजिडुअल डिजीज' सुनिश्चित करना था। सर्जरी के दौरान छाती, पेट की गुहा, डायाफ्राम, आंतों की सतह, अंडाशय, गर्भाशय और ब्लैडर से कैंसरग्रस्त टिशू निकाले गए। सुबह 8 बजे शुरू हुई यह जटिल प्रक्रिया शाम 6 बजे तक चली, लेकिन पूरे ऑपरेशन के दौरान मरीज को केवल एक यूनिट ब्लड ट्रांसफ्यूजन की जरूरत पड़ी। सर्जरी के 6 दिन बाद ही मरीज चलने और सामान्य भोजन लेने में सक्षम हो गईं। यह एक बेहद चुनौतीपूर्ण एडवांस्ड ओवेरियन कैंसर का केस था। हमारा लक्ष्य शरीर से हर एक दिखने वाले कैंसर को हटाना था।' मरीज को पूरी तरह स्वस्थ होने के बाद अस्पताल से डिस्चार्ज कर दिया गया।

The Statesman

Date: 26.07.2025

Cancer Paradox: The Statesman- 26th July 2025

Cancer paradox

Sir, I refer to "Cancer Gains" (July 23). While the world quietly edges toward a victory in the war on cancer with declining death rates and improving survival, India's battle remains loud, complex, and deeply unequal. Recent advances in cancer detection and treatment have brought hope, yet for millions of Indians, access and affordability remain formidable obstacles.

Globally, cancer outcomes are improving thanks to early detection, precision treatments, and breakthroughs like immunotherapy. But in India, the picture is mixed.

According to the Indian Council of Medical Research, over 1.4 million new cancer cases were recorded in 2023, with numbers expected to rise steadily. Unlike the "quiet victories" abroad, India's fight often calls for urgent, wide-scale action in the face of growing demand and uneven resources.

Access to cancer care in India is heavily skewed toward urban centres. Patients from rural areas face long journeys, delays in diagnosis, and limited specialist support. This rural-urban divide significantly worsens outcomes.

The financial burden is just as grim. Out-of-pocket spending for cancer care is among the highest in India's health system, often forcing families into debt or distress sales. For many, life-saving treatment remains out of reach.

Awareness is another hurdle. While campaigns against tobacco have made some inroads, smokeless tobacco use remains widespread.

The rollout of the HPV vaccine is promising, especially for cervical cancer, but knowledge about cancer symptoms, risk factors, and the value of early screening is still dangerously low in many parts of the country.

Despite these challenges, India is not just catching up, it is innovating. Immunotherapy drugs like pembrolizumab are now available domestically. More impressively, India recently developed and approved its own version of CAR-T cell therapy a cutting-edge treatment for blood cancers.



Spearheaded by the Tata Memorial Centre (TMC), this indigenous version is far more affordable than international options and signals a new era of accessible advanced care.

Precision oncology is also gaining ground, with hospitals using genetic profiling to personalise cancer treatment. Robotic surgeries, AI-based diagnostics, and minimally invasive procedures are now part of the care offered at major cancer centers.

Public and private efforts are beginning to shift the landscape. Under the Ayushman Bharat health scheme, over 50 crore people are eligible for free cancer treatment worth up to Rs 5 lakh annually.

Screening programms are expanding through Ayushman Aarogya Mandirs. Meanwhile, price caps and Jan Aushadhi stores are helping reduce the cost of essential medicines.

Institutions like the Tata Memorial Centre are playing a vital role. With a growing network across the country, TMC not only offers affordable care to over 60 per cent of its patients but also leads in research and training. Its decentralisation efforts, including new hospitals in Punjab, aim to bring quality care closer to underserved regions, though staffing remains a bottleneck.

India's cancer fight is a paradox of progress and disparity. On one hand, we see indigenous therapies, rising awareness, and ambitious government initiatives. On the other, there are stark gaps in access, delayed diagnoses, and crushing treatment costs.

The global war on cancer may be turning in humanity's favour, but India's battle is still unfolding. Winning it will require more than science, India must invest in awareness, infrastructure, and health equity. Only then can we turn these promising breakthroughs into a national victory.

Yours, etc., Amarjeet Kumar,
Hazaribagh, 23 July.

The Statesman

Date: 27.07.2025

More than 10 crore women screened for cervical cancer: Health Ministry- The Statesman- 27th July 2025

More than 10 crore women screened for cervical cancer: Health Ministry

NEW DELHI, 26 JULY

The Union Health Ministry has tested nearly 40 per cent of women eligible for cervical cancer screening as of 20 July this year, according to a response by the Centre in Parliament. The ministry stated that out of an eligible population of 25.42 crore females aged 30 years and above, 10.18 crore have been screened for cervical cancer, based on data from the National Non-Communicable Disease (NCD) Portal. In a written response to Lok Sabha MP Kanimozhi Karunanidhi (DMK) on Friday, Union Health Minister Prataprao Jadhav said the government is using use print, electronic, and social media platforms to raise community awareness and ensure public engagement on NCDs including cervical cancer.

The Statesman

Date: 28.07.2025

Dalai Lama inaugurates cervical cancer vaccine drive in Leh: The Statesman- 28th July 2025

Dalai Lama inaugurates cervical cancer vaccine drive in Leh

STATESMAN NEWS SERVICE
JAMMU, 27 JULY

Tibetan spiritual leader, the Dalai Lama, on Sunday formally inaugurated the free Cervical Cancer Vaccine Drive in Leh under the Ladakh Autonomous Hill Development Council (LAHDC), Leh, subsidy scheme.

The campaign was launched by the Dalai Lama at Jewetsal Photang, Choglamsar, where local officers, health professionals, and members of the society were present.

This is a major step towards preventive healthcare for young girls in Ladakh. It will cover adolescent girls aged 15 to 18 years.

The launch ceremony saw the presence of several key dignitaries, including Chairman/ CEC LAHDC Tashi Gyalson, Deputy Chairman LAHDC Leh, Tsering Angchok; DC Leh, Romil Singh Donk; CPO Leh Tsewang Gyalson; CCF Dr Zulfiqar Ali; CMO Dr Dolma Chuskit; MS of SNM Hospital Dr Rinchen Chosdon, and Urgain Gyatso from the Phande Lekjin Welfare Society.



This important initiative is being carried out under the LAHDC, Leh, Subsidy Scheme 2025, through the Medical Department Leh, in collaboration with the Phande Lekjin Welfare Society. The vaccination will be provided free of cost, particularly targeting underprivileged school-going adolescent girls, to reduce the risk of cervical cancer through timely immunisation.

As schools are currently closed for summer holidays, the actual roll-out of the vaccination will begin from 5 August across various subdivisional hospitals in the district. The vaccine will be administered in two doses over a six-month interval, following national health guidelines for effective protection.

The launch comes at a meaningful time, as LAHDC Leh has declared the month of July as the "Month of Compassion" to commemorate the 90th birth year of His Holiness the 14th Dalai Lama. Throughout this month, various welfare and charitable activities have been organised across the district, highlighting the values of care, service, and compassion that His Holiness embodies. The HPV vaccination drive reflects the same spirit, focusing on the health and well-being of Ladakhi girls.

A deeply moving moment during the launch was when Jigmet Dolma, a specially-abled student from CWSN school Choshot Yokma, became the first recipient of the HPV vaccine. She was warmly blessed by His Holiness, symbolising the inclusive spirit of the initiative and the shared commitment to ensure no child is left behind in matters of health and protection.

The campaign has been initiated under the leadership and guidance of Tashi Gyalson, whose continued efforts in prioritising public health and youth welfare were widely acknowledged during the event.

Date: 29.07.2025

বঙ্গের ৮ জেলা হাসপাতালে ডে কেয়ার ক্যান্সার সেন্টার: এইসময়, 29th July 2025

বঙ্গের ৮ জেলা হাসপাতালে ডে কেয়ার ক্যান্সার সেন্টার

এই সময়: উদ্দেশ্য, ক্যান্সার রোগীকে চিকিৎসার জন্য যেন দিল্লি, লখনৌ, চেন্নাই, মুম্বই, বেঙ্গালুরু, পাটনা কিংবা কলকাতার মতো রাজধানী শহরে ছুটে আসতে না-হয়। লক্ষ্য, ক্যান্সার-চিকিৎসাকে একেবারে জেলা ও মহকুমা স্তরে পৌঁছে দেওয়া। তারই প্রাথমিক পদক্ষেপ হিসেবে দেশের ২০০টি জেলা হাসপাতালকে ডে কেয়ার ক্যান্সার সেন্টারের স্বীকৃতি দিল কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক। এর মধ্যে রয়েছে বাংলারও আটটি কেন্দ্র। সব ক'টিই কলকাতা থেকে দূরে। এই সব হাসপাতালে কয়েক ঘণ্টার জন্য ভর্তি হয়ে কেমোথেরাপি ও আনুষঙ্গিক চিকিৎসা নিয়ে দিনের দিনই বাড়ি ফিরে যাবেন রোগী।

দেশের জেলায় জেলায় ক্যান্সার চিকিৎসাকে মানুষের কাছে আরও সহজলভ্য ও সুলভ করে তুলতে প্রাথমিক ভাবে আগামী তিন বছরের মধ্যে দেশের ৭৪৩টি জেলাতেই ডে কেয়ার ক্যান্সার সেন্টার (ডিসিসিসি) খোলার সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক। এর মধ্যে ২০২৫-২৬ অর্থবর্ষে ২৯৭টি সেন্টার খোলার কথা ঠিক হয়েছে। এর মধ্যে ২০০-র কিছু বেশি কেন্দ্রের জন্য আপাতত আর্থিক অনুমোদন মঞ্জুর করেছে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক। তার মধ্যে পশ্চিমবঙ্গে রয়েছে আটটি জেলা— মুর্শিদাবাদ, দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিম মেদিনীপুর, মালদা, পূর্ব বর্ধমান, বাঁকুড়া, পুরুলিয়া ও নন্দীগ্রাম স্বাস্থ্যজেলা। সংসদে এক প্রশ্নের উত্তরে লিখিত ভাবে কেন্দ্রীয় স্বাস্থ্য প্রতিমন্ত্রী প্রতাপরাও যাদব জানান, প্রতিটি কেন্দ্র গড়ে তুলতে ১ কোটি ৪৯ লক্ষ টাকা করে মঞ্জুর করা হয়েছে।

কেন্দ্রীয় সরকারের তরফে জানানো হয়েছে, সংশ্লিষ্ট জেলা হাসপাতালের এই ডে কেয়ার সেন্টারগুলিতে কম খরচে কেমোথেরাপি, প্রাথমিক স্ক্রিনিং এবং ক্যান্সার সংক্রান্ত পরামর্শ দেওয়া হবে। এতে রাজ্যের দূরবর্তী জেলার ক্যান্সার রোগীদের কলকাতা বা অন্য বড় শহরের হাসপাতালে ছুটে আসার প্রয়োজন অনেকাংশেই



কমবে বলে মনে করা হচ্ছে। স্বাস্থ্য মন্ত্রকের এক আধিকারিক জানান, ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর)-এর ক্যান্সার রেজিস্ট্রি রিপোর্ট এবং প্রতিটি রাজ্যের প্রস্তাবিত তালিকা অনুযায়ী কোথায় কোথায় নতুন সেন্টার হবে, তা চূড়ান্ত করছে ন্যাশনাল প্রোগ্রাম কোঅর্ডিনেশন কমিটি (এনপিপিসি)।

রাজ্যের এক স্বাস্থ্য আধিকারিকের কথায়, 'জেলায় জেলায় যদি ডে কেয়ার সেন্টারগুলি সময়ে চালু হয়, তা হলে বহু সাধারণ মানুষ উপকৃত হবেন। বিশেষ করে, ক্যান্সারের মতো দীর্ঘমেয়াদি চিকিৎসা যেখানে রোগী ও পরিবারের উপরে প্রবল আর্থিক চাপ ফেলে, সেখানে এ ধরনের সেন্টার বড় সহায়ক হবে।' উল্লেখ্য, ক্যান্সার রেজিস্ট্রি রিপোর্ট অনুযায়ী, পশ্চিমবঙ্গে বছরে গড়ে ১.২ লক্ষের বেশি নতুন ক্যান্সার রোগী ধরা পড়ছেন। তার মধ্যে অর্ধেকের বেশি রোগীকে প্রাথমিক কিংবা ফলোআপ কেমোথেরাপির জন্য বড় শহরে, অর্থাৎ কলকাতায় আসতে হয়। ফলে চিকিৎসার খরচ যেমন বাড়ে, তেমনই দূরবর্তী অঞ্চলে চিকিৎসার সুবিধা না থাকায় বহু ক্ষেত্রেই রোগ ধরা পড়ে দেরিতে।

স্বাস্থ্যভবন সূত্রে খবর, প্রকল্পটি দ্রুত রূপায়ণের জন্য প্রয়োজনীয় পরিকাঠামো ও লোকবল তৈরি করতে কেন্দ্রের সঙ্গে সমন্বয় রাখা হচ্ছে। বাকি জেলাগুলিতেও কত তাড়াতাড়ি ডে কেয়ার সেন্টার তৈরি হয়, এখন তারই অপেক্ষা। আশা, তা বাস্তবায়িত হয়ে যাবে আগামী ২০২৯-এর মধ্যেই।

সংবাদ প্রতিদিন

Date: 31.07.2025

স্ত্রীরোগ ক্যানসার ধরতে 'এন্ড-ও-চেক' চালু করল অ্যাপোলো: সংবাদ প্রতিদিন, 31st July 2025



স্ত্রীরোগ ক্যানসার ধরতে ‘এন্ড-ও-চেক’ চালু করল অ্যাপোলো

স্টাফ রিপোর্টার : সাম্প্রতিক সমীক্ষা বলছে, মহিলাদের মধ্যে বাড়ছে ডিম্বাশয় ও এন্ডোমেট্রিয়াল ক্যানসার। এ বছরের মধ্যে আক্রান্তের সংখ্যাটা ছোঁবে প্রায় ১৬ লক্ষ। তাই খুব জরুরি মহিলাদের মধ্যে সচেতনতা বাড়ানো। সেই উদ্দেশ্যেই অ্যাপোলো ক্যানসার সেন্টার শুরু করল ‘এন্ড-ও-চেক’, যা ৪৫ বছর ও তার বেশি বয়সি মহিলাদের জন্য একটি প্রাথমিক রোগনির্ণায়ক প্রোগ্রাম। ডিম্বাশয় ও এন্ডোমেট্রিয়াল ক্যানসার প্রাথমিক পর্যায়ে শনাক্ত করা খুবই জরুরি। ডিম্বাশয়ের ক্যানসারকে ‘নীরব ঘাতক’ বলা হয়, কারণ এটি দেরিতে ধরা পড়ে। তখন হয়তো আর কিছু করার থাকে না। বর্তমানে মহিলাদের মধ্যে খুব বাড়ছে ডিম্বাশয় ও জরায়ুর ক্যানসার। জীবনযাপন, দেরিতে সন্তানধারণ, অতিরিক্ত ফাস্টফুড ইনটেক দায়ী। হাসপাতালের গাইনি অংকোলজি ও রোবটিক সার্জন ডা. সুব্রত আর দেবনাথ বলেন, “৪৫ বছরের বেশি বয়সি মহিলাদের মধ্যে এন্ডোমেট্রিয়াল ক্যানসারের ঘটনা বেড়েছে, তাই প্রাথমিক রোগনির্ণয়ের গুরুত্ব বাড়ছে। শুরুতেই ক্যানসার ধরা পড়লে অনেকদিন সুস্থভাবে জীবনযাপন করা যায়। এই ক্যানসারে ঝুঁকি তাদেরই বেশি যাদের স্থূলতা, ডায়াবেটিস, সময়ের আগে রজঃস্রাব, আর পলিসিস্টিক ওভারি সিন্ড্রোম রয়েছে। এই সবগুলোই ভারতীয় মহিলাদের মধ্যে আরও বেশি করে লক্ষ করা যাচ্ছে।” এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডা. রাশমি চাঁদ, ডা. সুরিন্দর সিং ভাটিয়া ও অন্যরা।

सन्मार्ग
खबरें अनेक सच्चाई एक
sanmarg.in

Date: 31.07.2025

पैनक्रियाज कैंसर से बचने हेतु धूम्रपान छोड़ें: सन्मार्ग, 31st July 2025

पैनक्रियाज कैंसर से बचने हेतु धूम्रपान छोड़ें

डॉक्टरों का कहना है कि पैनक्रियाज यानी अग्न्याशय का कैंसर बहुत दुर्लभ होता है पर इसका पता काफी समय बाद चल पाता है और तब तक यह बेकाबू हो जाता है। इसलिए यह कैंसर हो ही नहीं, इसके लिए लोगों को धूम्रपान से तौबा करने के साथ ही खूब मात्रा में फल और सब्जियों को अपने खाने में शामिल करना चाहिए। अखिल भारतीय आयुर्विज्ञान संस्थान में डॉ. बी. आर. अंबेडकर इंस्टीट्यूट रोटरी कैंसर अस्पताल में प्रोफेसर और क्लीनिकल आंकोलॉजिस्ट डॉ. पी. के. जुल्का ने बताया कि पैनक्रियाज का कैंसर विभिन्न प्रकार के कैंसर में सर्वाधिक खतरनाक माना जाता है क्योंकि शरीर में जब तक इसका पता चल पाता है, तब तक यह अपनी पकड़ काफी मजबूत कर चुका हो। उन्होंने बताया कि तंबाकू और धूम्रपान इस कैंसर को न्यौता देने के प्रमुख कारण हैं, इसलिए लोगों में धूम्रपान के खिलाफ जागरूकता पैदा किए जाने की जरूरत है। चिकित्सकों का कहना है कि पैनक्रियाज कैंसर में पैनक्रियाज के मुहाने पर ट्यूमर होता है जिसे पैनक्रिटिक डक्ट में अवरोध पैदा होता है और पीलिया हो जाता है। ट्यूमर का आकार बढ़ने पर यह समीप की तंत्रिकाओं और अंतड़ियों पर दबाव डालता है। तंत्रिकाओं पर दबाव के कारण पेट के निचले हिस्से में दर्द होता है और अंतड़ियों पर दबाव से भूख न लगने की शिकायत पैदा होती है। इससे न केवल वजन कम होता है बल्कि उल्टी और दस्त जैसी शिकायतें भी सामने आती हैं। चिकित्सा विशेषज्ञों के अनुसार पैनक्रियाज कैंसर के मरीजों के जिंदा रहने की संभावना नहीं के बराबर होती है। बीमारी का पता लगने के बाद मरीज छह महीने से लेकर पांच साल तक ही जीवित रह पाता है। अमेरिका में कैंसर से होने वाली मौतों में पैनक्रियाज कैंसर का चौथा नंबर है। पश्चिमी देशों में पैनक्रियाज कैंसर के मामलों में वृद्धि देखी जा रही है लेकिन भारत में भी अब यह बीमारी पैर पसारने लगी है और मिजोरम में इसके सर्वाधिक मामले सामने आ रहे हैं। सर गंगाराम अस्पताल के मेडिकल आंकोलॉजी विभाग के अध्यक्ष डॉ. श्याम अग्रवाल कहते हैं कि पैनक्रियाज कैंसर काफी आक्रामक होता है और तेजी से बढ़ता है। इसका पता चलने के पांच साल के भीतर ही मरीज की मौत हो जाती है। वैश्विक आंकड़ों के अनुसार, वर्ष 2002 में सामने आए पैनक्रियाज कैंसर के 2, 32,000 मरीजों में से वर्ष 2010 तक 2, 27,000 की मौत हो गई।

सन्मार्ग
खबरें अनेक सच्चाई एक
sanmarg.in

Date: 31.07.2025

फेफड़ों का कैंसर

कारण, लक्षण और बचाव: सन्मार्ग, 31st July 2025

फेफड़ों का कैंसर

कारण, लक्षण और बचाव

•फेफड़े का कैंसर क्या है?

फेफड़ों का कैंसर तब होता है जब फेफड़ों में असामान्य कोशिकाएँ अनियंत्रित रूप से बढ़ने लगती हैं। कैंसर पहले फेफड़ों में बढ़ना शुरू कर सकता है (प्राथमिक कैंसर) या शरीर में कहीं और मौजूद कैंसर से फेफड़ों में फैल सकता है (द्वितीयक कैंसर/मेटास्टेटिक कैंसर)। यदि फेफड़ों के कैंसर का निदान अक्सर देर से होता है, यानी यह फेफड़ों से बाहर फैल चुका होता है, तो शुरुआती दौर में इसके कोई खास लक्षण दिखाई नहीं देते। फेफड़ों का कैंसर वृद्ध लोगों में ज़्यादा आम है, और धूम्रपान करने वालों में यह ज़्यादा आम है, हालाँकि धूम्रपान न करने वालों को भी यह हो सकता है।

• ल क्ष ण

फेफड़ों के कैंसर के सामान्य लक्षणों में शामिल हैं:

- लगातार, नई खांसी (3 सप्ताह से अधिक समय तक चलने वाली)।
- मौजूदा खांसी में बदलाव।
- सांस फूलना।
- छाती या कंधे में दर्द।
- छाती का संक्रमण जो (3 सप्ताह के बाद) ठीक नहीं होता या बार-बार वापस आ जाता है।
- खांसना या खून थूकना।

अन्य लक्षण :

- थकान।
- अनजाने में वजन कम होना।
- पेट में दर्द।
- जोड़ों का दर्द।
- निगलने में कठिनाई।
- कर्कश आवाज या घरघराहट।

इन लक्षणों का होना जरूरी नहीं कि आपको फेफड़ों का कैंसर ही हो। इनमें से कई लक्षण अन्य चिकित्सीय समस्याओं या धूम्रपान के कारण भी हो सकते हैं। अगर आपको इनमें से एक या ज़्यादा लक्षण कुछ हफ़्तों से ज़्यादा समय तक दिखाई दें, तो आपको अपने डॉक्टर से मिलना चाहिए।

•फेफड़ों के कैंसर का कारण

कैंसर आमतौर पर आपके शरीर की कोशिकाओं में होने वाले आनुवंशिक परिवर्तनों (उत्परिवर्तनों) के कारण होता है जो आपके जीवनकाल में होते हैं।

ऐसे कई कारक हैं जो कैंसर होने के जोखिम को बढ़ाते हैं, जिनमें निम्नलिखित शामिल हैं:

- **अधिक आयु** - फेफड़ों के कैंसर का निदान आमतौर पर 60 वर्ष से अधिक आयु के लोगों में किया जाता है।
- **धूम्रपान** - ऑस्ट्रेलिया में धूम्रपान के कारण फेफड़ों के कैंसर के मामले बहुत ज़्यादा हैं। आपके जीवनकाल में धूम्रपान के वर्षों और आपके द्वारा पी गई सिगरेटों की संख्या के आधार पर यह जोखिम बढ़ता जाता है।
- **निष्क्रिय धूम्रपान** - अप्रत्यक्ष धूम्रपान के संपर्क में आने से भी फेफड़ों के कैंसर के विकास का खतरा बढ़ जाता है।
- **पा रि वा रि क इतिहास** - यदि आपके परिवार में फेफड़ों के कैंसर का इतिहास है, तो आपको स्वयं फेफड़ों के कैंसर होने का अधिक खतरा हो सकता है।
- **कुछ तत्वों और वायु प्रदूषण के संपर्क में आने से** - एस्बेस्टस , रेडॉन और कुछ भारी धातुओं जैसे पदार्थों के संपर्क में आने से फेफड़ों के कैंसर के विकास का खतरा बढ़ सकता है।
- **फेफड़ों के रोग** - यदि आपको पहले से ही फेफड़ों की कोई बीमारी है जैसे फुफ्फुसीय फाइब्रोसिस , फुफ्फुसीय तपेदिक या क्रोनिक ऑब्सट्रक्टिव पल्मोनरी डिजीज (सीओपीडी) , तो आपको फेफड़ों के कैंसर होने की अधिक संभावना हो सकती है।

1 अगस्त
विश्व फेफड़ा कैंसर दिवस

•डॉक्टर से कब मिलना चाहिए?

अगर आपको कोई नया लक्षण दिखाई दे जो आपको चिंतित कर रहा हो, तो आपको तुरंत अपने डॉक्टर से मिलना चाहिए।

•रोकथाम

हालांकि फेफड़ों के कैंसर को रोकने का कोई सिद्ध तरीका नहीं है, लेकिन आप धूम्रपान न करके या तंबाकू धूम्रपान छोड़कर , अप्रत्यक्ष धूम्रपान से बचकर और कार्यस्थल पर कैंसर पैदा करने वाले कारकों (कार्सिनोजेन्स) से बचकर अपने जोखिम को काफी हद तक कम कर सकते हैं।

July
2025

Newspaper Clips

Chittaranjan National Cancer Institute

Central Library